গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৪১.২০২২-২৩৭ তারিখ: ২০/০২/২০২২ খ্রি.

বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য (৩য় সপ্তাহের) অ্যাসাইনমেন্ট বিতরণ।

সূত্র: এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০৩.২২.০০১.১৯/৩১৩; তারিখ: ১০ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক ২০২২ সালেও ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণির শিক্ষার্থীদের জন্য রুব্রিক্সসহ অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। এমতাবস্থায়, ২০২২ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য গ্রিডসহ প্রণয়নকৃত **৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট** বিতরণ করা হলো। বিতরণকৃত অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: গ্রিড ও অ্যাসাইনমেন্ট (৩য় সপ্তাহ)

20/02/2022

(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
পরিচালক (মাধ্যমিক)
ফোন: ০২-৪১০৫০২৮৫

বিতরণ:
১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.................................

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা [অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম **বিষয়: বাংলা**

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)							মন্তব্য
				নির্দেশক		পারদর্শিতার মাত্রা/নম্বর				প্রাপ্ত নম্বর	
						৩	২	১	০		
২	ক্ষুদ্র জাতিসত্তার সাংস্কৃতিক উৎসবের পরিচয়	শিখনফল ২৭: ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, বিশেষ শ্রেণি ও ক্ষুদ্র পেশা গোষ্ঠীর পরিচয় দিতে ও তাঁদের প্রতি শ্রদ্ধা প্রকাশ করতে পারবে।	**নির্দেশনা:** • পাঠ্যবই থেকে 'বাংলাদেশের ক্ষুদ্র জাতিসত্তা' রচনাটি পড়তে হবে। **কাজের ধাপ:** • 'ক্ষুদ্র জাতিসত্তা' বলতে কী বোঝায় লিখতে হবে। • 'সাংস্কৃতিক উৎসব' বলতে কী বোঝায় লিখতে হবে। • বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্তার পরিচয় দিতে হবে। • ক্ষুদ্র জাতিসত্তার সাংস্কৃতিক উৎসবের বিবরণ দিতে হবে।।	ক	'ক্ষুদ্র জাতিসত্তা'র ধারণা	-	কয়েকটি নাম উল্লেখ করে ক্ষুদ্র জাতিসত্তার ধারণা দিতে পারলে	ক্ষুদ্র জাতিসত্তার ধারণা দিতে পারলে			
				খ	'সাংস্কৃতিক উৎসবে'র ধারণা	-	উদাহরণ-সহ সাংস্কৃতিক উৎসবের ধারণা দিতে পারলে	সাংস্কৃতিক উৎসবের ধারণা দিতে পারলে			
				গ	বিভিন্ন ক্ষুদ্র জাতিসত্তার পরিচয়	চার-পাঁচটি ক্ষুদ্র জাতিসত্তার পরিচয় দিতে পারলে	দু-তিনটি ক্ষুদ্র জাতিসত্তার পরিচয় দিতে পারলে	অন্তত একটি ক্ষুদ্র জাতিসত্তার পরিচয় দিতে পারলে			
				ঘ	ক্ষুদ্র জাতিসত্তার সাংস্কৃতিক উৎসবের বিবরণ	চার-পাঁচটি উৎসবের বিবরণ দিতে পারলে	দু-তিনটি উৎসবের বিবরণ দিতে পারলে	অন্তত একটি উৎসবের বিবরণ দিতে পারলে			
									মোট		
									অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর	১০	
									১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর		

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪-এর কম	অগ্রগতি প্রয়োজন

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ ও মূল্যায়ন নির্দেশনা

শ্রেণি: ৭ম **বিষয়: বিজ্ঞান**

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)								মন্তব্য
				নির্দেশক		পারদর্শিতার মাত্রা/নম্বর					প্রাপ্ত নম্বর	
						৪	৩	২	১	০		
১. প্রথম অধ্যায়: নিম্নশ্রেণির জীব	স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে অনুজীবের প্রভাব এবং সচেতনতা সৃষ্টি : তোমার পরিবারের সদস্যদের স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে যে অনুজীবগুলোকে দায়ী মনে করছ, সে অনুজীবগুলোর মধ্যে যে কোন দুটি অনুজীবের ভূমিকা, এগুলো থেকে প্রতিরোধ ও প্রতিকারে সচেতনতা সৃষ্টিতে তোমার করণীয় উল্লেখপূর্বক একটি প্রতিবেদন প্রণয়ন কর।	১. ভাইরাস, ব্যাকটেরিয়া ও অ্যামিবার বৈশিষ্ট্য বর্ণনা করতে পারব। ২. মানবদেহে স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে ভাইরাস, ব্যাকটেরিয়া ও এন্টামিবার ভূমিকা ব্যাখ্যা করতে পারব। ৩. মানবদেহে ভাইরাস, ব্যাকটেরিয়া ও এন্টামিবার কারণে সৃষ্ট মানবদেহে স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধ এবং প্রতিকার ব্যাখ্যা করতে পারব। এসব স্বাস্থ্য ঝুঁকি প্রতিকারে নিজে সচেতন হব এবং অন্যদেরও সচেতন করব।	অ্যাসাইনমেন্ট তৈরির ক্ষেত্রে নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে- ক. অনুজীব দুটির নাম উল্লেখ করা ও প্রকৃতি বর্ণনা করতে হবে। খ. স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে অনুজীব দুটির প্রভাব বর্ণনা করতে হবে। গ. অনুজীব সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধে করণীয় বর্ণনা করতে হবে। ঘ. অনুজীব সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি কমাতে সচেতনতা সৃষ্টিতে করণীয় উল্লেখ করতে হবে।	ক	অনুজীব দুটির নাম উল্লেখকরণ ও প্রকৃতি	দুইটি অনুজীবের নাম উল্লেখপূর্বক এদের প্রকৃতি বর্ণনা করতে পারলে	দুইটি অনুজীবের নাম উল্লেখপূর্বক একটির প্রকৃতি বর্ণনা করতে পারলে	দুইটি অনুজীবের নাম উল্লেখ করতে পারলে	একটি অনুজীবের নাম উল্লেখ করতে পারলে	অপ্রাসজ্ঞিক তথ্য উপস্থাপিত হলে		
				খ	স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে অনুজীব দুটির প্রভাব	স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে দুইটি অনুজীবের প্রত্যেকটির দুইটি করে প্রভাব যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে অনুজীবদুটির একটির দুটি এবং অপরটির একটি প্রভাব যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে দুইটি অনুজীবের প্রত্যেকটির একটি করে প্রভাব যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	স্বাস্থ্য ঝুঁকি সৃষ্টিতে একটি অনুজীবের একটি প্রভাব যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	অপ্রাসজ্ঞিক তথ্য উপস্থাপিত হলে		
				গ	অনুজীব সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধে করণীয়	কমপক্ষে চারটি করণীয় যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	কমপক্ষে তিনটি করণীয় যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	কমপক্ষে দুইটি করণীয় যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	কমপক্ষে একটি করণীয় যথাযথভাবে ব্যাখ্যা করতে পারলে	অপ্রাসজ্ঞিক তথ্য উপস্থাপিত হলে		
				ঘ	অনুজীব সৃষ্ট স্বাস্থ্য ঝুঁকি এড়াতে সচেতনতা তৈরিতে ভূমিকা	ন্যূনতম চারটি ভূমিকা যথাযথ ব্যাখ্যা করতে পারলে	ন্যূনতম তিনটি ভূমিকা যথাযথ ব্যাখ্যা করতে পারলে	ন্যূনতম দুইটি ভূমিকা যথাযথ ব্যাখ্যা করতে পারলে	ন্যূনতম একটি ভূমিকা যথাযথ ব্যাখ্যা করতে পারলে	অপ্রাসজ্ঞিক তথ্য উপস্থাপিত হলে		
										মোট		
										অ্যাসাইনমেন্টের বরাদ্দকৃত নম্বর	১৬	
										১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর		

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এর কম	অগ্রগতি প্রয়োজন